

💵 উম্মতের ওপর সাহাবীগণের অধিকারসমূহ

বিভাগ/অধ্যায়ঃ উম্মতের ওপর সাহাবীগণের অধিকারসমূহ রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

চতুর্থ অধিকার: কল্যাণের সাথে তাদের নাম স্মরণ করা, তাদের প্রশংসা করা ও তাদের সুন্দর আখলাক প্রচার-প্রসার করা অত্যাবশ্যক

কবি বলেছেন,

नवी সাল্লাল্লাভ আলাইহি ওয়াসাল্লাম ও তাঁর পরিবারকে বন্ধুরূপে গ্রহণ করো,

তাদের সবার সুন্দর ব্যাপার গুণগুলো প্রচার করো ও প্রসার করো।[1]

নিঃসন্দেহে তাদেরকে ভালোবাসাই তাদের সুন্দর আখলাকসমূহ প্রচার করা। যার অন্তর তাদের ভালোবাসায় সিক্ত ও ভরপুর, সে তাদের প্রশংসা ও সুনাম প্রচারে নিবেদিত ও অটল থাকবে।

এ ব্যাপারে আহলে সুন্নাত ওয়াল জামা'আত সকলেই একমত এবং তাদের কিতাবসমূহে এ ব্যাপারে তাদের আকীদা লিপিবদ্ধ করেছেন। যেমন, ইমাম মুযানী রহ. বলেছেন, 'তাদের মর্যাদার কথা প্রচার করা হবে এবং তাদেরকে সুন্দর কাজসমূহের মাধ্যমে স্মরণ করা হবে (প্রচার করা হবে)'।[2]

ইবন আবি যামানীন রহ. বলেছেন, 'আহলে সুন্নাত ওয়াল জামা'আতের মত হচ্ছে, সকলে যেন রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লামের সাহাবীগণকে ভালোবাসায় বিশ্বাস করে এবং তাদের সুন্দর কাজসমূহ ও তাদের মর্যাদার প্রচার-প্রসার করে।'[3]ইবন আবি দাউদ বলেছেন, 'সকল সাহাবীর ব্যাপারে উত্তম কথা বলো; তাদের ব্যাপারে কোনো অপবাদ দিও না, যা তাদেরকে দোষযুক্ত ও নিন্দিত করে।'[4]

ফুটনোট

>

[1] কাসীদাতু আবু মারওয়ান আব্দুল মালিক ইবন ইদরীস আল-জাযায়েরী ফিল আদাবি ওয়াস-সুন্নাহ, পৃষ্ঠা ৫৭, পংক্তি ১১৬।

- [2] শরহুস সুন্নাহ, পৃষ্ঠা ৮৭।
- [3] উসূলুস সুন্নাহ, ইবন আবু যামানীন, পৃষ্ঠা ২৬৩।
- [4] মানযুমাতু ইবন আবু দাউদ 'আল-হায়িইয়্যাহ' মা'আ শরহিহা 'আত-তুহফাতুস সানিয়্যাহ' পৃষ্ঠা ১০, লেখক, আব্দুর রায্যাক আল-বদর।



• Source — https://www.hadithbd.com/books/link/?id=10723

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন